

# কাল থেকে বন্ধ থাকবে কোচিং সেন্টার

২৮ জুন, ২০২৪  
১৪:৫২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী রবিবার (৩০ জুন) শুরু হচ্ছে। তাই নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে আগামী ২৯ জুন থেকে ১১ আগস্ট পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে গত ৫ জুন শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভায় এ নির্দেশনা দেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।।

এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা বোর্ডের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় মোট পরীক্ষার্থী ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন। এর মধ্যে ছাত্রসংখ্যা ৭ লাখ ৫০ হাজার ২৮১ জন এবং ছাত্রীসংখ্যা ৭ লাখ ৫০৯ জন। এবার মোট কেন্দ্র ২ হাজার ৭২৫টি ও মোট শিক্ষাপ্রতিষ্ঠান ৯ হাজার ৪৬৩টি।

উল্লেখ্য, এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী রবিবার (৩০ জুন) থেকে শুরু হবে।

এর আগে গত ২ এপ্রিল চলতি বছরের এইচএসসি পরীক্ষার রুটিন প্রকাশ করা হয়।